# মোহনগঞ্জ পৌরসভা কার্যালয়

**মোহনগঞ্জ, নেত্রকোণা**

স্থাপিতঃ ১৯৭৫খ্রি.

স্মারক নম্বর- মো-পৌ-স/২০২৬/ ২৭৫(২০) তারিখ ঃ ২৮/০১/২০২৬খ্রি.

ইজারা বিজ্ঞপ্তি নং- ০১/২০২৫-২০২৬, তারিখঃ ২৮/০১/২০২৬খ্রি.

এতদ্বারা মোহনগঞ্জ পৌরসভা কর্তৃক নিয়ন্ত্রিত নিম্নবর্নিত হাট বাজার, ঘাট, শিশু পার্ক ও স্ট্যান্ড সমূহ ১৪৩৩ বাংলা সনের ১ বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত মোট ১(এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের জন্য সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। দরপত্র সমূহ নিম্নে উল্লেখিত তারিখ ও সময় পর্যন্ত জেলা প্রশাসক, নেত্রকোণা, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, সহকারি কমিশনার (ভূমি), মোহনগঞ্জ, থানা কার্যালয়(পুলিশ ষ্টেশন), মোহনগঞ্জ, সোনালী ব্যাংক লিঃ মোহনগঞ্জ শাখা এবং মোহনগঞ্জ পৌরসভা কার্যালয় থেকে নিম্ন বর্ণিত সময় সূচী অনুযায়ী ক্রয় করা যাইবে এবং দরপত্র জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়, নেত্রকোণা, থানা কার্যালয়(পুলিশ ষ্টেশন), মোহনগঞ্জ, নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মোহনগঞ্জ রক্ষিত দরপত্র বাক্সে বিকাল ২.৩০ ঘটিকা পর্যন্ত গ্রহন করা হইবে। দরপত্র দাখিলের দিন বেলা ৩.৩০ ঘটিকায় অত্র প্রতিষ্ঠান ব্যতীত অন্য প্রতিষ্ঠানে দাখিলকৃত দরপত্র সমূহ প্রাপ্তির পর উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। এতদ্‌সংক্রান্ত যাবতীয় তথ্যাদি/শর্তাবলী অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হইতে জানা যাইবে। ১ম বারের দাখিলকৃত দরপত্র গৃহীত হইলে পরবর্তী বারের দরপত্র বিক্রয় দাখিল প্রযোজ্য হইবে না। অনুরূপ ভাবে পরবর্তী বারের ক্ষেত্রেও প্রযোজ্য। উল্লেখ্য যে, দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র বিক্রয় করা যাইবে না। দরপত্র সংক্রান্ত আরও বিস্তারিত তথ্যাদি অত্র অফিস হইতে জানা যাইবে।

| ক্রমিক নং | হাট বাজার, ঘাট, স্ট্যান্ড সমূহের নাম | ইজারার মেয়াদ | সম্ভাব্য ইজারা মূল্য | দরপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | শুকনা মাছ বাজার | ১৪ এপ্রিল ২০২৬খ্রি. (১ বৈশাখ ১৪৩৩) হইতে ১৩ এপ্রিল ২০২৭খ্রি. (৩০ চৈত্র ১৪৩৩) পর্যন্ত ০১(এক) বছর (১৪৩৩ বাংলা সন) | ২২,৬৮,৫১৭.০০ | ৫২০০.০০ |
| ০২ | মাছ বাজার ও সংলগ্ন নৌকা ঘাট | | ২,১৯,২৬০.০০ | ১২০০.০০ |
| ০৩ | হাঁস মুরগীর বাজার | | ৫৩,৩০০.০০ | ৫০০.০০ |
| ০৪ | দৌলতপুর ট্রলার/বালু ঘাট | | ২,২০,০৩২.০০ | ১২০০.০০ |
| ০৫ | স্লুইচ গেইট সংলগ্ন বালু ঘাট | | ৪৮,০৩৪.০০ | ৫০০.০০ |
| ০৬ | পৌর বাস ও ট্রাক স্ট্যান্ড | | ১৭,৪৬,৩০৫.০০ | ৪২০০.০০ |
| ০৭ | পৌর সিএনজি স্ট্যান্ড | | ৩,৬৫,০০০.০০ | ১৪০০.০০ |
| ০৮ | রেল লাইন ও মাছ বাজার সংলগ্ন কসাইখানা | | ২৫,১৪১.০০ | ৫০০.০০ |
| ০৯ | মোহনগঞ্জ পৌর শিশু পার্ক | | ২০,৭৪,৮০০.০০ | ৪৮০০.০০ |

দরপত্র ক্রয় ও দাখিলের শেষ তারিখঃ-

| | | |
|---|---|---|
| ১ম বার দরপত্র ক্রয়ের শেষ তারিখঃ ১৫/০২/২০২৬ রবিবার - ৫.০০ ঘটিকা। | ২য় বার দরপত্র ক্রয়ের শেষ তারিখঃ ০৪/০৩/২০২৬ বুধবার - ৫.০০ ঘটিকা। | ৩য় বার দরপত্র ক্রয়ের শেষ তারিখঃ ১৫/০৩/২০২৬ রবিবার- ৫.০০ ঘটিকা। |
| ১ম বার দরপত্র দাখিলের শেষ তারিখঃ ১৬/০২/২০২৬ সোমবার- ২.৩০ ঘটিকা। | ২য় বার দরপত্র দাখিলের শেষ তারিখঃ ০৫/০৩/২০২৬ বৃহস্পতিবার - ২.৩০ ঘটিকা। | ৩য় বার দরপত্র দাখিলের শেষ তারিখঃ ১৬/০৩/২০২৬ সোমবার- ২.৩০ ঘটিকা। |

বিঃ দ্রঃ কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র সংশোধন/স্থগিত/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮/০১/২০২৬

(আমেনা খাতুন)
প্রশাসক
মোহনগঞ্জ পৌরসভা

CamScanner

## হাট-বাজার, ঘাট ও ষ্ট্যান্ড ইজারার শর্তাবলীঃ

১) উল্লেখিত প্রস্তাবিত দরের ১০০% টাকা তফসিলভূক্ত ব্যাংক হইতে মেয়র, মোহনগঞ্জ পৌরসভার অনুকূলে বিডি/পে অর্ডারের মাধ্যমে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

২) দরপত্রের সহিত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

৩) সর্বোচ্চ দর প্রশাসক, মোহনগঞ্জ পৌরসভার অনুমোদনক্রমে গ্রহণযোগ্য হইবে। অনুমোদিত দরদাতাকে ০৭(সাত) কার্য দিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি পত্র সম্পাদন পূর্বক হাট বাজার, ঘাট ও ষ্ট্যান্ডের দখল বুঝিয়া নিতে হইবে।

৪) প্রত্যেক দরপত্র দাতাকে উল্লেখিত দরের ১৫% হারে অগ্রীম ভ্যাট ও আয়কর ১০% হারে আলাদাভাবে বিডি /পে অর্ডারের মাধ্যেমে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৫) শুকনা মাছ বাজারে বিক্রেতার নিকট হইতে ২% (শতকরা ২ টাকা) হিসাবে রশিদের মাধ্যমে টোল আদায় করা যাইবে। শুকনা মাছবাজারে কোন স্থানে কাঠ রাখা বা কাঠ হইতে কোন টোল আদায় করা যাইবে না এবং মাছ শুকানো যাইবে না।

৬) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাটবাজারের নির্ধারিত সরকারি মূল্য হইতে কম হয় তা-হইলে পুণরায় দরপত্র আহ্বান করা হইবে। ২য় বার দরপত্র আহ্বান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্য হইতে কম হয় তাহা হইলে ৩য় ধাপে ইজারা প্রদানের কার্যক্রম অব্যাহত থাকিবে।

৭) এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৮) খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করিতে হইবে।

৯) নোটিশে উল্লেখিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইরাজাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিতে হইবে।

১০) প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১১) ইজারাদার কোন ক্রমেই হাটবাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত অমান্য করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গন্য হইবে।

১২) দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৩) ইজারাদার নিজ খরচে বাজার/ঘাট/ষ্ট্যান্ড পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবেন।

১৪) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৫) কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হইবে না।

১৬) হাট বাজার ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে। এই বিষয়ে কোন আপত্তি আইনগত গ্রহণযোগ্য হইবে না।

১৭) প্রতি কাভার্ড ভ্যান/বড় ট্রাক এর জন্য টোল ১০০/-(একশত) টাকা, প্রতি ছোট ট্রাক/পিকাপ/কাভার্ড ভ্যান এর জন্য টোল ৫০/-(পঞ্চাশ) টাকা, প্রতি বড় বাস ১০০/-(একশত) টাকা, প্রতি সিএনজি এর জন্য ২০/-(বিশ) টাকা এবং প্রতি লোকাল বাসের জন্য পৌরসভার অনুমোদিত টোল ৩০/-(ত্রিশ) টাকা হিসাবে রশিদের মাধ্যমে আদায় করা যাইবে।

১৮) সরকারি কিংবা বেসরকারি কোন কাজে প্রাইভেটকার, মাইক্রোবাস, অটো রিক্সা হইতে কোন টোল আদায় করা যাইবে না।

১৯) অনুমোদিত টোল রেইট (ক) যন্ত্রচালিত নৌকা প্রতিটি ১০০/-(একশত) টাকা (খ) হস্তচালিত নৌকা প্রতিটি ৫০/-(পঞ্চাশ) টাকা হিসাবে রশিদের মাধ্যমে আদায় করা যাইবে।

২০) হাটবাজার, ঘাট, ষ্ট্যান্ড ইজারার উপর সরকার আরোপিত এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশিত যেকোন কর পৌর কর্তৃপক্ষ চাহিবা মাত্র ইজারাদারগণ পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

২১) বাস ষ্ট্যান্ডে কোন অটো রিক্সা, টেম্পু হইতে কোন টোল আদায় করা যাইবে না।

২২) হাট বাজারের ইজরার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে ।

২৩) কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র সংশোধন/স্থগিত/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

বিঃ দ্রঃ উল্লেখিত শর্তাবলীর বিপরীতে কোন কার্যক্রম গ্রহণের মনমানসিকতা পোষনকারীদের দরপত্র ক্রয় করা থেকে বিরত থাকার জন্য পরামর্শ প্রদান করা হইল।

২৮/০৮/২০২৫

(আমেনা খাতুন)
প্রশাসক
মোহনগঞ্জ পৌরসভা

CS CamScanner

## শিশু পার্ক ইজারার শর্তাবলীঃ

১) উদ্বৃত দরের ১০০% টাকা যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে মেয়র, মোহনগঞ্জ পৌরসভার অনুকূলে বিডি/পে অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। উদ্বৃত দরের ১০% জামানত, ১৫% ভ্যাট ও ১০% আয়করের আলাদাভাবে বিডি/পে অর্ডারের মাধ্যেমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২) দরপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৩) অনুমোদিত ইজারাদারকে মোহনগঞ্জ পৌর পরিষদ কর্তৃক অনুমোদিত রেইট অনুযায়ী অর্থাৎ **প্রবেশ মূল্য- ২০/-(বিশ) টাকা, নাগর দোলা-৪০(চল্লিশ) টাকা, মেরি গো রাউন্ড- ৪০(চল্লিশ) টাকা, 9D মুভি-৬০(ষাট) টাকা এবং একজনের জন্য প্যাকেজ আকারে-১৪০/-(একশত চল্লিশ)** টাকা হিসাবে টোল আদায় করতে হবে। টোল আদায়ের চার্ট নিজ খরচে সর্বসাধারণের জ্ঞাতার্থে দৃশ্যমান স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে।

৪) মোহনগঞ্জ পৌর শিশু পার্ক সকাল ৮.০০ ঘটিকা হতে রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত পার্ক খোলা রাখা যাবে। তবে কর্তৃপক্ষ সময় সংশোধন করতে পারবেন।

৫) নির্বাচিত ইজারাদার কোন ক্রমেই অন্যের নিকট সাব-লিজ বা ইজারা বন্দোবস্ত দিতে পারবে না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্গন করা হয়। তবে তার ইজারা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬) অসম্পূর্ণ, অস্পষ্ট, কাটা-ছাটা, ঘসা-মাজা ও ওভাররাইটিং দরপত্র বাতিল করা যাবে।

৭) দরপত্রের সাথে ভ্যাট ও আয়করের হাল সনের সার্টিফিকেট এবং ইজারাদার/ঠিকাদার ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।

৮) পৌর শিশু পার্ক ইজারা চুক্তি সম্পাদনের পর ইজারাদার কর্তৃক পার্কের দখল বুঝে নেওয়ার সময় পার্কের চৌহদ্দীর মধ্যে সকল খেলনা, যন্ত্রাংশ, বৈদ্যুতিক জেনারেটর এবং অবকাঠামো যে অবস্থায় আছে মেয়াদ পুর্তির পর সে অবস্থায় ফেরৎ প্রদান করতে হবে।

৯) বৈদ্যুতিক মোটর চালিত খেলনা এবং বৈদ্যুতিক বাতি/বৈদ্যুতিক লাইন বিনষ্ট হলে বা কোন রূপ ক্ষতি সাধিত হলে ইজারাদার তার নিজ খরচে মেরামত কাজ সম্পন্ন করতে হবে।

১০) দর্শনার্থীদের মনোরঞ্জনের জন্য পার্কের অভ্যন্তরে আরো কোন আকর্ষণীয় খেলনা স্থাপনের প্রয়োজনীয়তা দেখা দিলে ইজারাদার তার নিজ খরচে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্থাপন করতে পারবে। উক্ত কাজের জন্য কোন অর্থ দাবি করতে পাবে না। ইজারা মেয়াদ পূর্তির পর স্থাপনকৃত খেলনা পৌর কর্তৃপক্ষ্যের সাথে আলোচনা স্বাপেক্ষে স্থানান্তর করতে পারবে।

১১) বিভিন্ন খেলনা বা যন্ত্রপাতি ব্যবহারের সময় শতর্কতা অবলম্বন করতে হবে যেন কোন দূর্ঘটনায় কারো ক্ষতি সাধিত না হয়। এরূপ কোন দূর্ঘটনায় ইজরাদার ক্ষতি পূরনে বাধ্য থাকবে।

১২) বর্জ্যপাত বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে দর্শনার্থীদের কোন প্রকার ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩) শিশু পার্কে যেন কোন অসামাজিক কার্যকলাপ না হয় সে বিষয়ে ভলান্টিয়ারের মাধ্যমে নিয়ন্ত্রণ রাখতে হবে। এরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হলে ইজারা বাতিল করা হবে।

১৪) শিশু পার্কে ধুমপান বা কোন প্রকার মাদকসেবন করা যাবে না। ইজারাদার তা নিশ্চিত করবেন এবং দৃশ্যমান স্থানে সচেতনতা মূলক পোস্টার/ব্যানার টাঙ্গিয়ে রাখতে হবে।

১৫) শিশু পার্কে ক্ষতিকর প্রাণী যেমন- সাপ, বিচ্ছু ও অন্যান্য বিষাক্ত প্রাণী বিচরণ করতে না পারে সে বিষয়ে ইজারাদার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কোন বিষাক্ত প্রাণী দ্বারা দর্শনার্থীদের ক্ষতি সাধিত হলে তার দায়ভার ইজারাদার বহন করতে হবে।

১৬) প্রতি মাসের বিদ্যুৎ বিল পরিশোধ করে কর্তৃপক্ষের নিকট বিল ভাউচার প্রেরণ করতে হবে।

১৭) কোন খেলনা বা যন্ত্রাংশ ক্ষতি সাধিত হলে কিংবা বিদ্যুৎ বিল প্রদানে অনিহা প্রদর্শিত হলে ইজারাদার কর্তৃক ১০% জমাকৃত জামানতের অর্থ হতে কর্তন করে সকল ব্যয় সমন্বয় করা হবে।

১৮) খামের উপর দরপত্র দাতার নাম ও ঠিকানা স্পষ্ট ভাবে উল্লেখ করিতে হবে।

১৯) দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হবে।

২০) ইজারাদার নিজ খরচে পার্কের সম্মুখ এবং পার্কের অভ্যন্তর পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

২১) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

২২) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৩) সরকারি নির্দেশনা মোতাবেক বিশেষ দিনে শিশু পার্ক জনসাধারণ/শিশুদের জন্য উন্মুক্ত রাখতে হবে।

বিঃ দ্রঃ উপরে উল্লেখিত শর্তাবলীর বিপরীতে কোন কার্যক্রম গ্রহনের মনমানসিকতা পোষনকারীদের দরপত্র ক্রয় করা থেকে বিরত থাকার জন্য পরামর্শ প্রদান করা হলো।

(স্বাক্ষরিত) ২৮/০১/২০২৬

(আমেনা খাতুন)
প্রশাসক
মোহনগঞ্জ পৌরসভা

CS CamScanner